রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**নারী ও শিশুশ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ মাঘ ১৪২৮/১৬ জানুয়ারি ২০২২

**নং ৪০.০০.০০০০.০২৩.০৬.০০১.১৯-০১।**—গত ২১-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত 'জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)' –এর ৪র্থ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্তভাবে 'জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC)' গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | স্থানীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২ | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩ | পুলিশ সুপার | সদস্য |
| ৪ | সিভিল সার্জন | সদস্য |
| ৫ | জেলা ও দায়রা জজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬ | পরিচালক/উপপরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| ৭ | সচিব, জেলা পরিষদ | সদস্য |
| ৮ | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৯ | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ১০ | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১১ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১২ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৩ | জেলা কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা | সদস্য |
| ১৪ | জেলা কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৫ | উপপরিচালক, উপ অঞ্চল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট সার্কেল ইন্সপেক্টর | সদস্য |
| ১৬ | জেল সুপার (সংশ্লিষ্ট জেলা কারাগার) | সদস্য |
| ১৭ | উপ-পরিচালক, শ্রম অধিদপ্তর | সদস্য |
| ১৮ | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ১৯ | জেলা ক্রীড়া কর্মকর্তা | সদস্য |
| ২০ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২১ | জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা | সদস্য |
| ২২ | কমিটি কর্তৃক মনোনীত (এনজিও বা সংস্থা-২ জন, শিশু সংগঠন-২ জন, শিশু অধিকার বিষয়ে কাজ করেন এমন ব্যক্তি-২ জন) | সদস্য |
| ২৩ | জেলা সংগঠক/জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৪ | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা কার্যালয়/পরিচালক বা উপপরিচালক, বিভাগীয় বা আঞ্চলিক শ্রম দপ্তর **(জেলাওয়ারী কর্মবন্টন পরিশিষ্ট-ক তে)** | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

- কমিটি ০৩ (তিন) মাসে কমপক্ষে একবার অথবা প্রয়োজন আরো কম বিরতিতে সভায় মিলিত হবে;
- সভা অনুষ্ঠানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সভার কার্যবিবরণী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়নে সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে;
- কমিটি স্ব স্ব জেলা হতে শিশুশ্রম নিরসনের লক্ষ্যে স্থানীয়ভাবে প্রকল্প বা উদ্যোগ গ্রহণ করবে।
- কমিটি শিশুশ্রম পরিস্থিতি সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং মন্ত্রণালয় ও বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)-এ নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে;

- কমিটি শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্যে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)-এ সুপারিশ প্রেরণ করবে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- কমিটি শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার প্রভাব নিয়মিত মূল্যায়ন এবং মন্ত্রণালয় ও বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLMC)-এ প্রতিবেদন প্রেরণ করবে;
- কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন কার্যক্রম সংক্রান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করবে;
- কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের কো-অপ্ট করতে পারবে।

০২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ০৩-০৬-২০১৪ তারিখের মশিবিম/শা-শিশু/পিড়িয়ডিক-৫ /২০০৯ (অংশ-১)-১৩ সংখ্যক স্মারকে গঠিত ‘জেলা শিশু অধিকার ফোরাম’ বিষয়ক প্রজ্ঞাপনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর প্রতিনিধির অন্তর্ভুক্তি প্রত্যাহার করা হলো।

**মাহবুবা বিলকিস**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd